সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল।

তফসিল

মৌজা-চরচাপলী, জে এল নং-৩৬, সিট নং-২, উপজেলা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী।

দাগ নং (এসএ)	অধিগ্রহণকৃত জমি (একরে)
১০১	০.০৫
১১২	১.৭৮
১১৩	০.০৫
১২১	০.০৬
১২৮	১.০০
২৮৫	২.২০
২৮৯	০.১১
	মোট= ৫.২৫ একর

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা আক্তার
সহকারী সচিব।

এল. এ কেস নম্বর : ১৪৪(W)/১৯৬২-৬৩

ফরম ঘ

ঘোষণাপত্র

[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ]

তারিখ, ২৯ ডিসেম্বর ২০১৫

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৩৬.১৪-৪৫৫—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৯-০৯-১৯৬৩ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল।

তফসিল

মৌজা-মিঠাগঞ্জ, জেএলনং-২, সিট নং-২, উপজেলা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী।

খতিয়ান নং (এসএ)	দাগ নং (এসএ)	অধিগ্রহণকৃত জমি (একরে)
২০৭	২২৯৬	০.০২
১৮১	২৩০৪	১.১২
৪৩,৪৪	২৩০৬	০.১২
৪৩,৪৪	২৩০৭	০.১৪
১৮১	২৩০৮	০.১৩
১৮১	২৩১১	০.০২
৪৩,৪৪	২৩১২	০.২২

খতিয়ান নং (এসএ)	দাগ নং (এসএ)	অধিগ্রহণকৃত জমি (একরে)
৪৩,৪৪	২৩১৩	০.২১
৪৩,৪৪	২৩১৪	০.০৮
৪১	২৩১৬	০.০৮
৪১,৪৩	২৩২০	০.০৮
৪১	২৩২১	০.৩৪
৪৩,৪৪	২৩২৩	০.৬৬
১৮১	২৩২৪	০.১২
১৮১	২৩২৫	০.০৩
১৮১	২৩২৬	০.৩১
৪৩,৪৪	২৩২৭	০.৪৮
১৩১	২৩৩৩	০.২০
১৩১	২৩৩৭	০.০১
১৩১	২৩৩৮	০.০১
১৮১	২৩৩৯	০.১৫
১৩১	২৩৪০	০.০১
২৩৮	২৩৫৬	০.১৬
২৩৮	২৩৫৭	০.২৪
২৩৮	২৩৫৮	০.৩০
২৩৮	২৩৬০	০.১২
২৩৮	২৩৬১	০.১৪
১৪১	২৩৬৩	০.১৮
১৪১	২৩৬৪	০.৮৫
১৪১	২৩৭১	০.১৭
২৪৮	২৩৭২	০.০৬
২৪৮	২৩৭৫	০.১০
২৪৮	২৩৭৬	০.১২
২৪৮	২৩৭৭	০.৮৪
২৪৮	২৩৭৮	০.২৬
১৬৮	২৩৮০	০.৭৯
১৬৮	২৩৮১	০.০৭
১৬৮	২৩৮২	০.০৮
১৬৮	২৩৮৩	০.০৪
১৬৮	২৩৮৪	০.০৪
১৬৮	২৩৮৫	০.০২
১০০	২৩৯৮	০.১০
১০০	২৩৯৯	০.১৫
১০০	২৪০১	০.৩৪
১০০	২৪০২	০.০৯
১০০	২৪০৩	০.০৬
১০০	২৪০৪	০.১১
১০০	২৪০৫	০.২০
১০০	২৪০৮	০.১০
১০০	২৪০৯	০.১৮
৭৪	২৪২২	০.৬৬
১৭৯	২৪২৩	০.২৮

খতিয়ান নং (এসএ)	দাগ নং (এসএ)	অধিগ্রহণকৃত জমি (একরে)
১৭৯	২৪২৪	০.১৪
১৭৯	২৪৩১	০.২১
২৭,২১৩,২৫২	২৪৪৪	০.০২
২৭,২১৩,২৫২	২৪৪৫	০.১২
১৭৯	২৪৪৬	০.০২
১৭২	২৪৪৯	০.২৬
১৭২	২৪৫০	০.৮৬
১৭২	২৪৫১	০.২০
২৮,২৯,১৫১,১৬৭	২৪৬৬	০.৬৮
২৮,২৯,১৫১,১৬৭	২৪৬৯	০.৩০
২৮,২৯,১৫১,১৬৭	২৪৭১	০.৩৩
২৮,২৯,১৫১,১৬৭	২৪৮১	০.১৫
২৮,২৯,১৫১,১৬৭	২৪৮২	০.২৫
২৩৬	২৪৮৫	০.১৩
৩২	২৪৯৫	০.১২
২৬	২৪৯৬	০.০৬
২৬	২৪৯৭	০.০৪
২৬	২৪৯৮	০.১০
১০৪	২৫০০	০.২৩
১৪৮,১৯৬	২৫১১	০.২১
৩১	২৫১২	০.০৪
১৬৪	২৫১৪	০.০৬
১৬৪	২৫১৬	০.০৬
৭৬	২৫৩০	০.১৩
২২১	২৫৩২	০.১২
১২৯	২৫৩৫	০.১৫
২৫৭	২৫৩৬	০.৩১
২	২৫৪৩	০.১৫
২৫৫	২৫৪৪	০.২০
২৩৯	২৫৪৫	০.৭৯
২৩৯	২৫৪৬	০.০৫
২	২৫৫১	০.৩২
২	২৫৫২	০.০৫
২	২৫৫৩	০.১২
৯৫	২৫৫৪	০.১০
৯৫	২৫৫৫	০.২২
৪৩	২৫৬০	০.০৮
-	২৪২৫	০.৬৩
-	২৫১৭	০.০১
-	২৫১৯	০.০১
-	২৫২৮	০.০১
-	২৫২৯	০.০১
	মোট	১৯.৯৪ একর

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা আক্তার
সহকারী সচিব।

এল. এ কেস নম্বর : ১৮৭(W)/১৯৬৬-৬৭

ফরম ঘ

ঘোষণাপত্র

[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ]

তারিখ, ২৯ ডিসেম্বর ২০১৫

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৩৬.১৪-৪৫৫—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ০৩-০৪-১৯৬৭ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল।

তফসিল

মৌজা-দেবপুর, জে এল নং-৬৯, সিট নং-২, উপজেলা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী।

খতিয়ান নং (এসএ)	দাগ নং (এসএ)	অধিগ্রহণকৃত জমি (একরে)
২২৯	১১২০	০.৫২
২২৩	১১২১	০.৫০
১৪৩	১১২৬	০.৬৪
২০০	১১২৭	১.৯৮
২০০	১১২৮	০.৫০
১৩৩	১১২৯	০.৩৬
১৩৩	১১৩০	০.২৫
১৩৩	১১৩১	০.০৪
১৩,৪২	১১৩২	০.৬৯
১৩, ৪২, ১৯৬, ২১৩	১১৩৩	০.৪৮
১৩, ১৯৬, ২২৪	১১৩৪	০.৪৪
১৩,৪২	১১৩৫	০.১৪
১৩,৪২	১১৩৬	০.১২
২২৮	১১৭৬	০.৩৮
২২৮	১১৭৭	২.৪২
২২৮	১১৭৮	০.৫২
২২৮	১১৮০	০.২০
২২৮	১১৮১	০.০৬
৮৬, ৯৬, ১৪১, ১৪২	১১৮৪	০.৬৬
৮৬, ৯৬, ১৪২	১১৮৫	০.৮০
৬, ৪৩, ৪৯, ৬৫, ৮২, ১০৬, ১১৫, ১২৭, ১৫৯, ১৬৬, ১৭০, ১৮৭, ২০৬, ২১৫, ২৩৪	১১৯৭	০.২৪
১১২,১৭২	১১৯৮	৩.০০
১১২,১৭২	১২০২	২.১০
২৩১	১২০৮	৩.৬০
৫৮,১৬৪	১২০৯	১.৫৬
৬১,৬৩	১২১০	০.৮০
১৯০	১২১১	০.০৩
২২০	১২৩১	০.৮০
৫৮,৮৬,১৪২	১২৩২	০.৭২
৮৬,৯৬,১৪২	১২৩৩	০.৫২
১৪১	১২৩৪	০.৬৬
১৭১	১৩৬৬	০.২৩
		মোট=২৫.৯৬ একর

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা আক্তার
সহকারী সচিব।

এল. এ কেস নম্বর : ৪৭(W)/১৯৬৫-৬৬

ফরম ঘ

ঘোষণাপত্র

[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ]

তারিখ, ২৯ ডিসেম্বর ২০১৫

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৩৬.১৪-৪৫৫—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৩-০৭-১৯৬৬ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল।

তফসিল

মৌজা-শিববাড়িয়া, জে এল নং-২৬, সিট নং-৩, উপজেলা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী।

দাগ নং (এসএ)	অধিগ্রহণকৃত জমি (একরে)
১০১৭	০.৭০
	মোট= ০.৭০ একর

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা আক্তার
সহকারী সচিব।

এল এ কেস নম্বর : ৬(W)/১৯৭১-৭২

ঘোষণাপত্র

ফরম ঘ

[সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ]

তারিখ, ২৯ ডিসেম্বর ২০১৫

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৩৬.১৪-৪৫৫—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি/সম্পত্তিসমূহ ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইন (১৯৪৮ সনের ১৩নং আইন) এর ৩ ধারা মোতাবেক ২৫-১০-১৯৭১ তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি/ সম্পত্তিসমূহ অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছে;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিল বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হল।

তফসিল

মৌজা-গঙ্গামতি, জে এল নং-৩৫, সিট নং-৫, উপজেলা-কলাপাড়া, জেলা-পটুয়াখালী।

খতিয়ান নং (এসএ)	দাগ নং (এসএ)	অধিগ্রহণকৃত জমি (একরে)
৫৯	৫১৮	০.২৪
৯৫	৫২১	০.৩০
১৩	৫২২	০.২৮
৫২	৫২৫	০.৩০
৪৭	৫২৬	০.২৯
২৫	৫২৯	০.৫৫
৪৯	৫৩০	০.৫৮
৫৮	৫৩৩	০.৪১
৩১	৫৩৪	০.৬৩
		মোট=৩.৫৮ একর

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা আক্তার
সহকারী সচিব।

এল এ কেস নম্বর : ১২৬(বি)/৭৬-৭৭

ঘোষণাপত্র

ফরম ঘ

[সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ]

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৬

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬৩.১৪-০৮—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ৩০-১২-১৯৭৬ খ্রিস্টাব্দ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

তফসিল

মৌজা-দক্ষিণ দূর্গাপুর, জে এল নং-৬৭, উপজেলা-বরিশাল সদর, জেলা-বরিশাল।

দাগ নং (আংশিক) ঃ ২৯৪, ৪৯৩ ও ৪৯৪।

মোট জমির পরিমাণ ঃ ১.৭৬ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এলএ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা আক্তার
সহকারী সচিব।

এল এ কেস নম্বর : ১৯৪(বি)/৭৬-৭৭

ঘোষণাপত্র

ফরম ঘ

[সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ]

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৬

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬৩.১৪-০৮—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ৩০-১২-১৯৭৬ খ্রিস্টাব্দ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

তফসিল

মৌজা-উল্যানবাটনা, জে এল নং-৩৭, উপজেলা-বরিশাল সদর, জেলা-বরিশাল।

দাগ নং (পূর্ণ) ঃ ৫০২, ৬৩১, ৬৩২, ৭৩০ ও ৭৩১।

(আংশিক) ঃ ৪৮৩, ৪৮৪, ৪৮৫, ৪৯২, ৪৯৩, ৫০০, ৫০১, ৫০৩, ৫১০, ৫১১, ৫১৩, ৫১৪, ৫১৭, ৫১৮, ৫৪২, ৫৪৩, ৫৪৪, ৫৪৫, ৫৪৮, ৫৫৩, ৬০৮, ৬০৯, ৬১০ ও ৬১৪।

মোট জমির পরিমাণ ঃ ২.৫৭ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এলএ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা আক্তার
সহকারী সচিব।

এল. এ কেস নম্বর : ২১৯(বি)/৭৬-৭৭

ঘোষণাপত্র

ফরম ঘ

[সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ]

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৬

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬৩.১৪-০৮—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ০৪-০৪-১৯৭৭ খ্রিস্টাব্দ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

তফসিল

মৌজা-চর আইচা, জে এল নং-৯৫, উপজেলা-বরিশাল সদর, জেলা-বরিশাল।

দাগ নং (আংশিক) ঃ ২০০২, ২০০৩, ২০০৫, ২০০৭, ২০০৮, ২০১০, ২০১১, ২০১২, ২০১৩, ২০১৮, ২০১৯, ২০২৭, ২০২৮, ২০২৯, ২০৩০, ২০৩১, ২০৩২, ২০৫৫, ২০৫৬, ২০৫৭, ২০৫৯ ও ২০৬০।

মোট জমির পরিমাণ ঃ ০.৭৪ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এল.এ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা আক্তার
সহকারী সচিব।

এল এ কেস নম্বর : ২৮(বি)/৭৬-৭৭

ঘোষণাপত্র

ফরম ঘ

[সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ]

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৬

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬৩.১৪-০৮—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ১৭-১২-১৯৭৬ খ্রিস্টাব্দ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

তফসিল

মৌজা-তাজকাঠী, জে এল নং-৫৫, উপজেলা-বরিশাল সদর, জেলা-বরিশাল।

দাগ নং (আংশিক) ঃ ১৮৭, ১৮৮, ১৮৯, ১৯০, ১৯৩, ১৯৪, ১৯৫, ১৯৭, ১৯৮, ১৯৯ ও ২০১।

মোট জমির পরিমাণ ঃ ১.১৬ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এল.এ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা আক্তার
সহকারী সচিব।

এল. এ কেস নম্বর : ১০৪(বি)/৭৬-৭৭

ঘোষণাপত্র

ফরম ঘ

[সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ]

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৬

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬৩.১৪-০৮—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ৩০-১২-১৯৭৬ খ্রিস্টাব্দ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

তফসিল

মৌজা-কর্নকাঠী, জে এল নং-৫৭, উপজেলা-বরিশাল সদর, জেলা-বরিশাল।

দাগ নং (আংশিক) ঃ ১৩৯৩, ১৩৯২, ১৩৯১, ১৩৯০, ১৩৮৯, ১৩৮৮, ১৩৮৭, ১৩৮৬, ১৩৮৪, ১৩৮৩, ১৩৮২, ১৩৩৩, ১৩৩১, ১৩৩২, ২৯৬৭, ২৯৬৮, ২৯৭০, ২৯৬৯, ২৯৯৬, ২৯৯৫, ২৯৯৪ ও ২৯৬২।

মোট জমির পরিমাণ ঃ ১.৪৬ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এল.এ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা আক্তার
সহকারী সচিব।

এল এ কেস নম্বর : ২১৭(বি)/৭৬-৭৭

ফরম ঘ

ঘোষণাপত্র

[সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ]

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৬

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬৩.১৪-০৮—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ২৮-০৩-১৯৭৭ খ্রিস্টাব্দ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

তফসিল

মৌজা-দক্ষিণ চর আইচা, জেএলনং-৬০, উপজেলা-বরিশাল সদর, জেলা-বরিশাল।

দাগ নং (আংশিক দাগ) ঃ ৪০৭৮, ৪০৮০, ৪০৮১, ৪০৮২, ৪০৮৩, ৪০৮৫, ৪০৮৬, ৪০৮৭, ৪০৮৯ ও ৪০৯৬।

মোট জমির পরিমাণ ঃ ০.৩৩ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এল.এ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা আক্তার
সহকারী সচিব।

এল এ কেস নম্বর : ১৯০(বি)/৭৬-৭৭

ফরম ঘ

ঘোষণাপত্র

[সম্পত্তি হুকুম দখল আইনের ৫(৭) ধারা মোতাবেক নোটিশ]

তারিখ, ১৩ জানুয়ারি ২০১৬

নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.১৬৩.১৪-০৮—যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুম দখল আইনের ১৩(৩) ধারা মোতাবেক ৩০-১২-১৯৭৬ খ্রিস্টাব্দ এর আদেশ দ্বারা হুকুম দখল করা হয়েছে। যেহেতু উক্ত সম্পত্তি হুকুম দখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু উক্ত আইনের ৫(৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫(৭) ধারার প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাচ্ছে যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুম দখলকৃত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

তফসিল

মৌজা-বাঘিয়া, জে এল নং-৩২, উপজেলা-বরিশাল সদর, জেলা-বরিশাল।

দাগ নং (আংশিক) ঃ ২০৫, ২০৬, ২০৭ ও ২১০।

মোট জমির পরিমাণ ঃ ০.৪৫ একর।

ভূমি নক্সা বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ের এল.এ শাখায় দেখা যেতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আফরোজা আক্তার
সহকারী সচিব।

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

শাখা-জামস

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ৭ ফেব্রুয়ারি ২০১৬

নং মশিবিম/শা-জামস/জেঃকমিটি-৭/৯৯(অংশ-৩)/২৭—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, ঝালকাঠি এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার ঝালকাঠি জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণী	নাম	পদবী
(১)	১০(১)(ঙ)	সমাজসেবী	বেগম সাহানা আলম, স্বামী-সরদার মোঃ শাহ আলম	চেয়ারম্যান
(২)	১০(১)(ঘ)	শিক্ষিকা	সুমা দাস, পিতা- ভবতোষ দাস	সদস্য
(৩)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম হোসনেয়ারা মান্নান, স্বামী-আব্দুল মান্নান মুন্সি	সদস্য
(৪)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম জাহানারা ঝর্ণা, স্বামী-মরহুম আব্দুল হাকিম খান	সদস্য
(৫)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম ইসরাত জাহান সোনালী, স্বামী-সাখাওয়াত হোসেন খান	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ১নং ক্রমিকের বেগম সাহানা আলম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং মশিবিম/শা-জামস/জেঃকমিটি-৭/৯৯(অংশ-৩)/২৮—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, দিনাজপুর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার দিনাজপুর জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণী	নাম ও ঠিকানা	পদবী
(১)	১০(১)(ঘ)	শিক্ষিকা	বেগম তারিকুন বেগম লাবুন, স্বামী-শরীফুল আহসান (লাল), দিনাজপুর সদর, দিনাজপুর।	চেয়ারম্যান
(২)	১০(১)(ঙ)	সমাজসেবী	বেগম আফরোজা আমিন, স্বামী-মৃত আমিন, দিনাজপুর সদর, দিনাজপুর।	সদস্য
(৩)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম ছবি সিনহা, স্বামী-অরুন সিনহা, দিনাজপুর সদর, দিনাজপুর।	সদস্য
(৪)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব সুলতানা বেগম, স্বামী-মোস্তাফিজুর রহমান, দিনাজপুর সদর, দিনাজপুর।	সদস্য
(৫)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জনাব মোছাঃ শামসুন্নাহার (বেবী), স্বামী-মৃত আব্দুল মান্নান, দিনাজপুর সদর, দিনাজপুর।	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ১নং ক্রমিকের বেগম তারিকুন বেগম লাবুন উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং মশিবিম/শা-জামস/জেঃকমিটি-৭/৯৯(অংশ-৩)/২৯—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার মুন্সীগঞ্জ জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণী	নাম ও ঠিকানা	পদবী
(১)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম ফরিদা আহম্মেদ রুনী, স্বামী-মরহুম জুলহাস উদ্দিন আহমেদ, সাং শাখারী বাজার, রামপাল।	চেয়ারম্যান
(২)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম মোরশেদা আখতার লিপি, স্বামীঃ মাহতাব উদ্দিন কল্লোল, সাং-মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।	সদস্য
(৩)	১০(১)(ঘ)	শিক্ষিকা	বেগম মমতাজ বেগম, স্বামীঃ আখতার হোসেন মোল্লা, সাং-উত্তর বেতকা, থানাঃ টংগিবাড়ী, জেলাঃ মুন্সীগঞ্জ।	সদস্য
(৪)	১০(১)(ঙ)	সমাজসেবী	বেগম আফিয়া আখতার, স্বামীঃ কাজী নুরুল আমিন, সাং-কলেজ রোড, থানাঃ শ্রীনগর, জেলাঃ মুন্সীগঞ্জ।	সদস্য
(৫)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	জোসনা বেগম, স্বামীঃ মোঃ বিল্লাল সিকদার, সাং বৈখর, জেলা মুন্সীগঞ্জ।	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ১নং ক্রমিকের বেগম ফরিদা আহম্মেদ রুনী উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০১-৯-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং মশিবিম/শা-জামস/জেঃকমিটি-৭/৯৯(অংশ-৩)/৩০—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার চাঁপাইনবাবগঞ্জ জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

ক্রঃ নং	নাম	ঠিকানা	পদবী
(১)	এ্যাড. ইয়াসমিন সুলতানা	পিতা-এ্যাড. শামসুল হক, গ্রাম-৮৩, পশ্চিম পাঠানপাড়া, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা চাঁপাইনবাবগঞ্জ।	চেয়ারম্যান
(২)	মোসাঃ মাহমুদা খাতুন	পিতা-লাল মোহাম্মদ, গ্রাম দারিয়াপুর (হাতাপাড়া), উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা চাঁপাইনবাবগঞ্জ।	সদস্য
(৩)	তাসমিমা আনোয়ার	স্বামী-আনোয়ার হোসেন লালু, গ্রাম-আরামবাগ, উপজেলা-চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা চাঁপাইনবাবগঞ্জ।	সদস্য
(৪)	রেবেকা সুলতানা (রিনি)	পিতা-মৃত ইদ্রিশ আলী, গ্রাম-রহনপুর (স্টেশনপাড়া), উপজেলা-গোমস্তাপুর, জেলা চাঁপাইনবাবগঞ্জ।	সদস্য
(৫)	মোরশেদা খাতুন (হেলেন)	স্বামী-মোঃ নায়েক আলী, গ্রাম নতুন আলীডাঙ্গা, উপজেলা-শিবগঞ্জ, জেলা চাঁপাইনবাবগঞ্জ।	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ১নং ক্রমিকের এ্যাড. ইয়াসমিন সুলতানা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং মশিবিম/শা-জামস/জেঃকমিটি-৭/৯৯(অংশ-৩)/৩১—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, ফেনী এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার ফেনী জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণী	প্রস্তাবিত সদস্য	পদবী
(১)	১০(১)(ঘ)	শিক্ষিকা	বেগম খাদিজা আক্তার খানম, সহকারী শিক্ষিকা, কোব্বাদ আহমদ উচ্চ বিদ্যালয়, ফেনী সদর, ফেনী।	চেয়ারম্যান
(২)	১০(১)(ঙ)	সমাজসেবী	নুরের নাহার, সদস্য রেড ক্রিসেন্ট সোসাইটি, ফেনী।	সদস্য
(৩)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম আঞ্জুমান আরা, সাবেক কাউন্সিলর, ৭, ৮, ৯ নং ওয়ার্ড, ফেনী পৌরসভা	সদস্য
(৪)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম সেলিনা চৌধুরী, কাউন্সিলর, ৭, ৮, ৯ নং ওয়ার্ড, ফেনী পৌরসভা	সদস্য
(৫)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	শামীম আক্তার, সহকারী শিক্ষিকা, ফেনী বালিকা বিদ্যানিকেতন	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ১নং ক্রমিকের বেগম খাদিজা আক্তার খানম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং মশিবিম/শা-জামস/জেঃকমিটি-৭/৯৯(অংশ-৩)/৩২—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, ঝিনাইদহ এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার ঝিনাইদহ জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণী	নাম ও ঠিকানা	পদবী
(১)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম খালেদা খানম, স্বামী-মনিচুর রহমান কারু, খোন্দকার পাড়া, হামদহ, ঝিনাইদহ।	চেয়ারম্যান
(২)	১০(১)(ঙ)	সমাজসেবী	শাপলা ইসলাম, স্বামী-মোঃ রবিউল ইসলাম, শহীদ মশিউর রহমান সড়ক, ঝিনাইদহ।	সদস্য
(৩)	১০(১)(ঘ)	শিক্ষিকা	জয়া রানী দত্ত, স্বামী-কৃষ্ণ পদ দত্ত, ব্যাপারীপাড়া, ঝিনাইদহ	সদস্য
(৪)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মোছাঃ ফাতেমা খাতুন, স্বামী-মোঃ আহাদুর রহমান খোকন, ব্যাপারীপাড়া, ঝিনাইদহ	সদস্য
(৫)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেলী, স্বামী-মোঃ মোস্তাফিজুর রহমান, কাঞ্চনপুর, ঝিনাইদহ	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ১নং ক্রমিকের বেগম খালেদা খানম উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ০১-৯-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং মশিবিম/শা-জামস/জেঃকমিটি-৭/৯৯(অংশ-৩)/৩৩—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, লক্ষ্মীপুর এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার লক্ষ্মীপুর জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণী	নাম	পদবী
(১)	১০(১)(ঘ)	শিক্ষিকা	বেগম রাহেলা আনোয়ার, স্বামী-মোঃ আনোয়ারুল হক মাস্টার, প্রধান শিক্ষক, স্টুডেন্ট কেয়ার, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।	সদস্য
(২)	১০(১)(ঙ)	সমাজসেবী	বেগম ফরিদা ইয়াসমিন লিকা, স্বামী-মোঃ শাহ্ জাহান কামাল, কাশেম কটেজ, বাঞ্চানগর, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।	চেয়ারম্যান
(৩)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	চৌধুরী রুবিনা ইয়াসমিন (লুবনা), স্বামী-এডভোকেট নুর উদ্দিন চৌধুরী নয়ন, সাং বাঞ্চানগর, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।	সদস্য
(৪)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	এডভোকেট সেলিনা আক্তার, সাং দক্ষিণ মজুপুর, লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।	সদস্য
(৫)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	বেগম পারভিন হালিম, স্বামী মজিবর রহমান, সাং-সমসেরাবাদ (শেখ রাসেল সড়ক), লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ২নং ক্রমিকের বেগম ফরিদা ইয়াসমিন লিকা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-৮-২০১৫ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং মশিবিম/শা-জামস/জেঃকমিটি-৭/৯৯(অংশ-৩)/৩৪—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, বরগুনা এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার বরগুনা জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণী	নাম, স্বামীর নাম ও ঠিকানা	পদবী
(১)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিসেস হোসনেয়ারা চম্পা, স্বামীঃ আঃ মালেক খান, কলেজ ব্রাঞ্চ রোড, বরগুনা	চেয়ারম্যান
(২)	১০(১)(ঙ)	সমাজসেবী	মিসেস নিগাত সুলতানা আজাদ, স্বামীঃ মৃত অ্যাডঃ আবুল কালাম আজাদ, স্টাফ কোয়ার্টার রোড, বরগুনা।	সদস্য
(৩)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিসেস ইয়াসমিন কবির, স্বামীঃ আলহাজ্ব মোঃ জাহাঙ্গীর কবির, হাই স্কুল সড়ক, বরগুনা।	সদস্য
(৪)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিসেস নিলুফা বেগম মেরী, স্বামীঃ মুন্সী গোলাম মোস্তফা, নজরুল ইসলাম সড়ক, বরগুনা।	সদস্য
(৫)	১০(১)(ঘ)	শিক্ষিকা	মিসেস সামসুন নাহার ফরিদা, স্বামীঃ মোঃ শাহজাহান প্যাদা, চরকলোনী, বরগুনা	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ১নং ক্রমিকের মিসেস হোসনেয়ারা চম্পা উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ ১২-১২-২০১৪ তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

নং মশিবিম/শা-জামস/জেঃকমিটি-৭/৯৯(অংশ-৩)/৩৫—জাতীয় মহিলা সংস্থা আইন, ১৯৯১ (১৯৯১ সনের ৯নং আইন) এর ১০(১) ধারা মোতাবেক জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া এর সুপারিশের ভিত্তিতে নিম্নলিখিত ব্যক্তিগণকে জাতীয় মহিলা সংস্থার ব্রাহ্মণবাড়িয়া জেলা কমিটির সদস্য হিসেবে মনোনীত করা হলো ঃ

ক্রঃ নং	সংশ্লিষ্ট ধারা	সদস্য শ্রেণী	নাম ও ঠিকানা	পদবী
(১)	১০(১)(ঘ)	শিক্ষিকা	বেগম ফরিদা নাজমিন, প্রধান শিক্ষকা, অন্নদা সরকারি উচ্চ বিদ্যালয়, ব্রাহ্মণবাড়িয়া	চেয়ারম্যান
(২)	১০(১)(ঙ)	সমাজসেবী	বেগম শামীমা বেগম, ভাদুরঘর, ব্রাহ্মণবাড়িয়া	সদস্য
(৩)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিসেস নায়ার কবির, সহসভাপতি, জেলা আওয়ামীলীগ, পাইকপাড়া, ব্রাহ্মণবাড়িয়া	সদস্য
(৪)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	মিসেস মমতাজ বাশার, সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান, নিয়াজ স্টেডিয়াম, কাউতলী, ব্রাহ্মণবাড়িয়া	সদস্য
(৫)	১০(১)(ছ)	বিশিষ্ট মহিলা	এডঃ আলেয়া চৌধুরী, গোপীনাথপুর, কসবা, ব্রাহ্মণবাড়িয়া	সদস্য

২। উপরোল্লিখিত সদস্যাগণের মধ্য হতে ১নং ক্রমিকের বেগম ফরিদা নাজমিন উক্ত কমিটির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩। কমিটির মনোনীত চেয়ারম্যান ও বর্ণিত সদস্যগণ মনোনয়নের তারিখ হতে দু'বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকবেন। তবে শর্ত থাকবে যে, সরকার উক্ত মেয়াদ শেষ হওয়ার পূর্বে কোন কারণ না দর্শিয়ে তাঁদের পদ থেকে অপসারণ করতে পারবে এবং তাঁরাও সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে যে কোন সময় স্বীয় পদ ত্যাগ করতে পারবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

দিলীপ কুমার দেবনাথ
সহকারী সচিব।

শিল্প মন্ত্রণালয়

পরিকল্পনা-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১১ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ/২৩ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিঃ

নং ৩৬.০০.০০০০.০৮২.১৪.০০১.১৫/২৪—শিল্প মন্ত্রণালয়ের উদ্যোগে বিসিআইসি কর্তৃক বাস্তবায়নাধীন "Modernization and Strengthening of Training Institute for Chemical Industries in Bangladesh" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার সিদ্ধান্ত অনুযায়ী নিম্নোক্তভাবে একটি মনিটরিং টিম গঠন করা হল ঃ

আহ্বায়ক

(১) যুগ্ম-প্রধান, শিল্প মন্ত্রণালয়

সদস্যবৃন্দ

(২) উপ-প্রধান, শিল্প মন্ত্রণালয়

(৩) সহকারী প্রধান, পরিকল্পনা-১, শাখা, শিল্প মন্ত্রণালয়

(৪) বিসিআইসি'র প্রতিনিধি

সদস্য-সচিব

(৫) প্রকল্প পরিচালক

কমিটি'র কার্যপরিধিঃ

(ক) প্রকল্পের আওতায় সম্পদিত/সম্পাদিতব্য সামগ্রিক কাজের নিয়মিত তদারকি করা;

(খ) টিম প্রকল্পটি বাস্তবায়নের স্বার্থে সমস্যাসমূহ চিহ্নিত করে তা সমাধানের সম্ভাব্য উপায় সুপারিশ করবে;

(গ) টিম প্রতি মাসে অন্তত: ২(দুই) বার সভা করবে এবং প্রকল্পের অগ্রগতি সচিব বরাবরে দাখিল করবে; এবং

(ঘ) টিম প্রয়োজনে কোন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ নাজমুল হক
সহকারী প্রধান।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-১ শাখা

আদেশ

তারিখ, ২৭ মাঘ ১৪২২/৯ ফেব্রুয়ারি ২০১৬

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৪-১১৫—যেহেতু, ডাঃ তাসনীম আরা (৩১৯৪৩), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), শিশু সার্জারী বিভাগ, ওএসডি স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা মঞ্জুরিকৃত প্রেষণ ও বিনাবেতনে অসাধারণ ছুটি ভোগ শেষে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান না করে গত ০১-০৩-২০১০ তারিখ হতে১১-০১-২০১৪ তারিখ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থেকে গত ১২-০১-২০১৪ তারিখে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে যোগদানের আবেদন করেন;

যেহেতু, ডাঃ তাসনীম আরা (৩১৯৪৩) একনাগাড়ে ০৫ বছরের অধিক চাকুরীতে অনুপস্থিত থাকায় বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ অনুযায়ী তাঁর চাকুরী অবসর ঘটানো নিমিত্ত কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন ও ব্যক্তিগত শুনানীতে অংশ গ্রহণ করেন;

সেহেতু, প্রাপ্ত জবাব, ব্যক্তিগত শুনানী এবং প্রাপ্ত কাগজপত্রাদি পরীক্ষান্তে দাখিলকৃত জবাব গ্রহণযোগ্য প্রতীয়মান হওয়ায় তাঁর চাকুরী অবসান ঘটানোর সিদ্ধান্ত না নিয়ে তাঁর অননুমোদিত অনুপস্থিতিকালীন সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করে তাঁকে চাকুরিতে পুনর্বহালের সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

যেহেতু, ডাঃ তাসনীম আরা (৩১৯৪৩) একনাগারে ৫(পাঁচ) বছরের অধিক কর্মস্থলে অনুপস্থিত থাকায় ও তিনি বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারের প্রথম শ্রেণীর কর্মকর্তা বিধায় বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ মোতাবেক তাঁকে চাকুরিতে পুনর্বহালের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতির নিকট প্রস্তাব উপস্থাপন করা হয়;

যেহেতু, বিএসআর (পার্ট-১) বিধি-৩৪ মোতাবেক নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি ডাঃ তাসনীম আরা (৩১৯৪৩)-কে চাকুরিতে পুনর্বহালের বিষয়ে গত ০১-০২-২০১৬ খ্রিঃ তারিখে সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

এক্ষণে, সেহেতু, মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতিতে ডাঃ তাসনীম আরা (৩১৯৪৩), সহযোগী অধ্যাপক (চঃদাঃ), শিশু সার্জারী বিভাগ, ওএসডি স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকাকে চাকুরিতে পুনর্বহাল করা হল তার ০১-০৩-২০১০ তারিখ হতে পুনরায় কর্মস্থলে যোগদানের পূর্বদিন পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো।

জনস্বার্থে এ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব।

আদেশাবলী

তারিখ, ৯ ফেব্রুয়ারি ২০১৬

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৩.২০১৫-১১৭—যেহেতু, ডাঃ শেখ কামরুল করিম (১০১৫৬৭৪), মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মুন্সিগঞ্জ বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১০-১-২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৭৩. ২০১৫-০৮ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ৭-২-২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি যুক্তরাজ্যে উচ্চ শিক্ষা গ্রহণের জন্য MSc Public Health (12 Months) with Pre-Sessional English কোর্সে নির্বাচিত হওয়ায় মেয়াদ অনুযায়ী অংশ গ্রহণের জন্য ২২-৯-২০১৪ তারিখ হতে ১৫-৭-২০১৬ ইং তারিখ পর্যন্ত ১ বছর ১০ মাস ১৪ দিনের বহিঃবাংলাদেশ শিক্ষা ছুটির জন্য আবেদন করেন। পরবর্তীতে তার Sports injury কোর্স ২০-৮-২০১৫ ইং তারিখে এবং COPD কোর্স ২৫-১১-২০১৫ ইং তারিখে শেষ হয়। গত ৩-১২-২০১৫ ইং তারিখে কর্মস্থলে যোগদান করে বর্তমানে কর্মরত আছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ শেখ কামরুল করিম (১০১৫৬৭৪), মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মুন্সিগঞ্জ এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তার বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে। বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তার ২১-১২-২০১৪ খ্রিঃ তারিখ হতে ২-১২-২০১৫ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

তারিখ, ১১ ফেব্রুয়ারি ২০১৬

নং ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৮.২০১৫-১২২—যেহেতু, ডাঃ ফেরদৌস আরা ইসলাম (১১৪৮৮৫), মেডিকেল অফিসার, (নিউরোসার্জারী), ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স এন্ড হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ১৯-১-২০১৬ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.১৮৮.২০১৫-৪০ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং গত ৯-২-২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

যেহেতু, তিনি পারিবারিক সমস্যার কারণে বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে পারেননি। তিনি তার বদলি আদেশ সংশোধনের আবেদন করেন। স্বাস্থ্য অধিদপ্তরের ১১-২-২০১৪ তারিখের আদেশ মোতাবেক তিনি ১৮-২-২০১৪ তারিখে ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স এন্ড হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকায় যোগদান করে অদ্যাবধি কর্মরত আছেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ ফেরদৌস আরা ইসলাম (১১৪৮৮৫), মেডিকেল অফিসার, (নিউরোসার্জারী), ন্যাশনাল ইনস্টিটিউট অব নিউরোসায়েন্স এন্ড হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা এর বিরুদ্ধে আনীত অভিযোগ, বিভাগীয় মামলার জবাব, শুনানীকালে তার বক্তব্য এবং সামগ্রিক বিষয়াদি বিবেচনা করে তাকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি নিয়ম কানুন যথাযথ অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করে। বিভাগীয় মামলায় আনীত অভিযোগ থেকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তার ৯-৫-২০১১ খ্রিঃ তারিখ হতে ১৭-২-২০১৪ তারিখ পর্যন্ত সময়কে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

বিমান কুমার সাহা এনডিসি
অতিরিক্ত সচিব।

শিক্ষা মন্ত্রণালয়
অধিশাখা-১০ (মাধ্যমিক-১)

প্রজ্ঞাপনসমূহ

তারিখ, ২৬ বৈশাখ ১৪২৩/০৯ মে ২০১৬

নং ৩৭.০০.০০০০.০৭১.০৫.০০৪.২০১৪-৩৬৫—ঝিনাইদহ জেলার কালিগঞ্জ উপজেলাধীন নলডাঙ্গা ভূষণ পাইলট মাধ্যমিক বিদ্যালয়টি ১৩ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ/২৫ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ তারিখ হতে জাতীয়করণ করা হলো।

২। এ শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষক অন্যত্র বদলী হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং ৩৭.০০.০০০০.০৭১.০৫.০০৫.২০১২-৩৬৬—খুলনা জেলার সদর উপজেলাধীন খুলনা মডেল মাধ্যমিক বিদ্যালয়টি ১৩ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ/২৫ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ তারিখ হতে জাতীয়করণ করা হলো।

২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলী হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

নং ৩৭.০০.০০০০.০৭১.০৫.০০৩.২০১২-৩৬৮—খুলনা জেলার দৌলতপুর থানাধীন দৌলতপুর মুহসিন মাধ্যমিক বিদ্যালয়টি ১৩ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ/২৫ ফেব্রুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ তারিখ হতে জাতীয়করণ করা হলো।

২। এ শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে কর্মরত কোন শিক্ষক অন্যত্র বদলী হতে পারবেন না।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সালমা জাহান
উপসচিব।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
কর্মসংস্থান শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ/২৮ মার্চ ২০১৬ খ্রিস্টাব্দ

নং ৪৯.০০.০০০০.১১২.০১০.১৬-১৯১—সরকার ১২ মাঘ ১৪২২ বঙ্গাব্দ/২৫ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ তারিখে 'প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬' অনুমোদন করেছে।

২। জনস্বার্থে জারীকৃত এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ জাকির হোসেন
সিনিয়র সহকারী সচিব।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬

বৈদেশিক কর্মসংস্থান বাংলাদেশের অর্থনীতির অন্যতম প্রধান খাত। প্রবাসী বাংলাদেশীদের কল্যাণ নিশ্চিত করা, বাংলাদেশী অভিবাসী কর্মীদের[১] অসামান্য অবদান ও অধিকারের স্বীকৃতি প্রদান করা এবং বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে অভিবাসন খাতের কার্যক্রমকে অধিকতর সুষ্ঠু, স্বচ্ছ, জবাবদিহিমূলক ও গতিশীলভাবে পরিচালনার জন্য কৌশলগত দিক-নির্দেশনা প্রদান অপরিহার্য। সেই লক্ষ্যে সরকার এতদ্‌দ্বারা ২০০৬ সালের 'বৈদেশিক কর্মসংস্থান নীতি' (বাংলাদেশ গেজেট, ৫ নভেম্বর ২০০৬) রহিতক্রমে **"প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি ২০১৬"** শিরোনামে নিম্নরূপ নীতি প্রণয়ন করছে:

১. ভূমিকা

১.১ *প্রস্তাবনা*

দেশে ও বিদেশে কর্মসংস্থান, বেকারত্ব হ্রাস এবং প্রতিটি নাগরিকের জীবনমানের উন্নয়ন দারিদ্র বিমোচনের অন্যতম হাতিয়ার। বর্তমান সরকার দেশের জনগোষ্ঠীকে দক্ষ মানবসম্পদে পরিণত করে প্রতিটি নাগরিকের জন্য মানসম্মত কর্মসংস্থানের মাধ্যমে দেশকে ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশে উন্নীত করতে রূপকল্প ২০২১ বাস্তবায়নের অঙ্গীকার ব্যক্ত করে। বৈদেশিক কর্মসংস্থান বৃদ্ধিতে ও শ্রম অভিবাসন খাতকে গতিশীল ও সুসংহত করার লক্ষ্যে 'বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০০৬' প্রণীত হয়েছিল। বৈদেশিক কর্মসংস্থানের উদ্দেশ্যে নিরাপদ শ্রম অভিবাসন[২] উৎসাহিত ও নিশ্চিতকরণ, অভিবাসী কর্মীদের সুরক্ষা, কর্মীদের বাছাই প্রক্রিয়া, শ্রম অভিবাসন-পরিক্রমার বিভিন্ন পর্যায়ে কর্মীদের কল্যাণমূলক সেবা প্রদান এবং শ্রম অভিবাসনকে উন্নয়নের ধারায় সম্পৃক্তকরণ ইত্যাদি বিষয় নীতিতে অন্তর্ভুক্ত হয়। এসব মূলনীতির প্রাসঙ্গিকতা অক্ষুণ্ন থাকলেও, সাম্প্রতিককালে আন্তর্জাতিক শ্রম-অভিবাসন খাতে বাংলাদেশে ও বহির্বিশ্বে ব্যাপক পরিবর্তন এসেছে। জাতীয় তথা বৈশ্বিক উন্নয়নে অভিবাসনের গুরুত্ব আজ বিশ্বব্যাপী সমাদৃত। জাতিসংঘ কর্তৃক গৃহীত 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) এবং সরকার কর্তৃক গৃহীত প্রেক্ষিত পরিকল্পনায় ও ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অভিবাসনের অন্তর্ভুক্তি, সরকার কর্তৃক 'বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩' গ্রহণ, এবং সরকার কর্তৃক জাতিসংঘের ১৯৯০ সালের অভিবাসী কর্মীসংক্রান্ত আন্তর্জাতিক সনদ 'International convention on the protection of the rights of all migrant workers and their families, 1990 (ICRMW)' - অনুসমর্থন অভিবাসন খাতের জন্য নতুন দিগন্তের সূচনা করে। এই কারণে বিদ্যমান 'বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০০৬' পরিমার্জন, সংশোধন ও সংযোজন করার প্রয়োজনীয়তা দেখা দেয়। এই প্রেক্ষাপট বিবেচনায় নীতিমালা পরিমার্জন ও সংশোধনের জন্য একটি কমিটি গঠনপূর্বক সংশ্লিষ্টদের সাথে সভা ও কর্মশালা এবং আন্তঃমন্ত্রণালয় সভা করা হয়। এ সকল সভা ও কর্মশালা এবং মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নীতিমালা সংশোধন, পরিমার্জন ও সংযোজন করে 'প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান নীতি, ২০১৬' নীতিটি প্রণয়ন করা হয়।

১.২ *মহান মুক্তিযুদ্ধে মানুষের অংশগ্রহণ ও প্রত্যাশা*

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ডাকে সংঘটিত মহান মুক্তিযুদ্ধের অন্যতম অঙ্গীকার ছিল বাংলাদেশের জনগণের জন্য শোষণমুক্ত, মর্যাদাসম্পন্ন ও সামাজিক ন্যায়বিচার ভিত্তিক একটি গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠা করা। মুক্তিযুদ্ধের চেতনা ও প্রত্যাশার পরিপূর্ণ বাস্তবায়নে অধিকতর অবদান রাখার সুযোগ সৃষ্টিসহ জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ার প্রয়াসে মানুষের কল্যাণে অধিকার সুরক্ষা, মর্যাদাসম্পন্ন কর্মসংস্থান, শোভন কর্মপরিবেশ, জাতীয় উৎপাদনশীলতা বৃদ্ধি এবং দক্ষ মানব সম্পদ তৈরীর মাধ্যমে বৈষম্য, শোষণ, দারিদ্রমুক্ত সৃজনশীল ও কর্মমুখী জনগোষ্ঠী গড়ে তোলাই বর্তমান নীতির মূল উদ্দেশ্য।

---

[১] বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ মোতাবেক ''অভিবাসী কর্মী'' (migrant worker) অর্থ বাংলাদেশের কোনো নাগরিক যিনি অন্য কোন রাষ্ট্রে পারিশ্রমিকের বিনিময়ে -
(ক) কোন কর্মের উদ্দেশ্যে যাবার প্রস্তুতি গ্রহণ করেছেন কিংবা গমন করছেন;
(খ) কোন কর্মে নিযুক্ত আছেন; অথবা
(গ) কোন কর্মে নিযুক্ত থাকবার পর কিংবা নিযুক্ত না হয়ে বাংলাদেশে ফেরত এসেছেন:

[২] নিরাপদ অভিবাসন বলতে আন্তর্জাতিকভাবে বৈধ পন্থায় অভিবাসী কর্মীর পূর্ণ তথ্যভিত্তিক অভিবাসনকে বোঝায় যা কিনা রিক্রুটমেন্ট এজেন্ট ও নিয়োগকর্তা কর্তৃক চুক্তি সাধনের মাধ্যমে পরিচালিত হয়ে থাকে। নিরাপদ অভিবাসন সকল অভিবাসী কর্মীর নিয়োগ চুক্তি ও ওয়ার্কপারমিট, পরিচয়পত্রসহ অন্যান্য ভ্রমণ সংক্রান্ত দলিলপত্রাদি নিয়ন্ত্রণ নিশ্চিত করবে। এছাড়াও অভিবাসী কর্মীকে যে কোন জরুরী অবস্থা মোকাবেলার জন্য প্রয়োজনীয় তথ্য ও সেবা সরবরাহ নিশ্চিত করবে।

১.৩ *পটভূমি*

জাতির পিতার নেতৃত্বে দেশ স্বাধীন হওয়ার পর যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের অর্থনীতি পুনরুদ্ধার করার লক্ষ্যে কূটনৈতিক তৎপরতার মাধ্যমে বৈদেশিক কর্মসংস্থান ও কর্মী প্রেরণ বিষয়ে মধ্যপ্রাচ্যের মুসলিম দেশসমূহের সাথে সমঝোতা সৃষ্টি হয়। তারই ধারাবাহিকতায় সত্তর দশকের মাঝামাঝি সময় থেকে মধ্যপ্রাচ্যের দেশসমূহে বাংলাদেশি কর্মী গমন শুরু হয়। শ্রম-অভিবাসনের প্রবণতা বৃদ্ধির প্রেক্ষাপটে এবং প্রবাসী বাংলাদেশী ও অভিবাসী কর্মীদের অবদানের স্বীকৃতিস্বরূপ শ্রম-অভিবাসন ব্যবস্থাপনা, পরিচালনা ও কল্যাণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম পরিচালনার দায়িত্ব দিয়ে সরকার ২০০১ সালে **'প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়'** নামে একটি পৃথক মন্ত্রণালয় গঠন করে। এ মন্ত্রণালয় ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত **'বিএমইটি '**, ১৯৮৪ সালে প্রতিষ্ঠিত **বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিমিটিড (বোয়েসেল),** ১৯৯০ সালে প্রতিষ্ঠিত **'ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল'** এবং অভিবাসী কর্মীদের কম সুদে জামানতবিহীন ঋণ প্রদানের লক্ষ্যে ২০১১ সালে প্রতিষ্ঠিত **'প্রবাসী কল্যাণ ব্যাংক'** এবং সংশ্লিষ্ট অন্যান্য সরকারি সংস্থাসমূহের কার্যক্রম তত্ত্বাবধান ও সমন্বয় করে।

১.৪ *সাম্প্রতিক অগ্রগতি ও পরিবর্তনের ধারাবাহিকতা*

অভিবাসী কর্মীদের অধিকারের সুরক্ষা আন্তর্জাতিক মহলে সর্বাধিক গুরুত্বপ্রাপ্ত একটি বিষয়। এমন প্রেক্ষাপটে, বাংলাদেশ ২০১১ সালে জাতিসংঘের ১৯৯০ সালের অভিবাসী কর্মীসংক্রান্ত আন্তর্জাতিক সনদ[৩] অনুসমর্থন করে। আন্তর্জাতিক সনদটির অনুসমর্থনের পর শ্রম অভিবাসন ব্যবস্থাপনা, অভিবাসী কর্মীর অধিকার ও সুরক্ষা এবং অভিবাসী কর্মী ও তাদের পরিবারের কল্যাণের বিষয়টি প্রাধান্য পায় এবং সে পরিপ্রেক্ষিতে বিদ্যমান আইন-বিধিমালা ও নীতিমালা পরিবর্তন ও সংশোধনের আবশ্যকতা ও বাধ্যবাধকতা তৈরী হয়।

বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, নিরাপদ ও ন্যায়সংগত শ্রম অভিবাসন ব্যবস্থা প্রবর্তন, সকল অভিবাসী কর্মী ও তাদের পরিবারের সদস্যদের অধিকার ও কল্যাণ নিশ্চিত এবং বাংলাদেশ কর্তৃক অনুসমর্থিত ICRMW এবং শ্রম ও মানবাধিকার বিষয়ক অন্যান্য সনদের সাথে সঙ্গতিপূর্ণ করার উদ্দেশ্যে ইতোমধ্যে Emigration Ordinance, 1982 রহিত করে সরকার "বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৮ নং আইন)" প্রণয়ন করেছে। এছাড়াও নতুন গৃহীত আইন বাস্তবায়নে বিদ্যমান বিধিমালা পরিমার্জন ও নূতন বিধিমালা প্রণয়নের কাজ প্রায় সমাপ্তির পথে। নতুন গৃহীত আইনের সংগে সামঞ্জস্য রেখে বিদ্যমান নীতিমালা সংশোধনের বিষয়টিও তাই অবশ্যম্ভাবী হয়ে পড়ে।

২০১৫ সালে জাতিসংঘে গৃহীত '2030 Development Agenda: Sustainable Development Goals (SDGs)' বা 'টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রায়' জাতীয় ও বৈশ্বিক উন্নয়নে অভিবাসনের গুরুত্ব ও ভূমিকার কথা তুলে ধরা হয়েছে এবং এর স্বীকৃতিস্বরূপ অভিবাসন সংক্রান্ত এসডিজি লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতোপূর্বে জাতিসংঘ কর্তৃক গৃহীত এমডিজি বাস্তবায়নে বাংলাদেশ অভূতপূর্ব সাফল্য লাভ করে। সে ধারাবাহিকতায় এসডিজি লক্ষ্য পূরণে বিদ্যমান কর্মকৌশল ও নীতিমালা পরিবর্তনের আবশ্যকতা দেখা দেয়।

বর্তমান সরকার অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের দৃঢ় লক্ষ্যে এবং ২০২১ সালের মধ্যে দেশকে মধ্যম আয়ের দেশ হিসেবে বিশ্বের দরবারে প্রতিষ্ঠিত করার প্রতিজ্ঞায় 'প্রেক্ষিত পরিকল্পনা (২০১০-২০২১)' প্রণয়ন করেছে এবং তা বাস্তবায়নের জন্য '৬ষ্ঠ পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১১-২০১৫)' সফল বাস্তবায়ন শেষে '৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০১৬-২০২০)' গ্রহণ করেছে। এ সকল দলিলে শ্রম অভিবাসন খাত সুষ্ঠুভাবে পরিচালনার জন্য, অভিবাসী কর্মীদের সুরক্ষা ও কল্যাণ নিশ্চিতে এবং দক্ষ মানবসম্পদ উন্নয়নে সুস্পষ্ট দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। সে সকল দিক-নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত বিদ্যমান নীতিটি যুগোপযোগী করা অত্যন্ত প্রয়োজন হয়ে পড়ে।

বৈদেশিক কর্মসংস্থানকে উৎসাহিত করার লক্ষ্যে গৃহীত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের বিভিন্ন পদক্ষেপ ও জেন্ডার-সংবেদনশীল (gender sensitivness) কার্যক্রমের ফলে সম্প্রতি বাংলাদেশ থেকে নতুন নতুন গন্তব্য ও পেশায় অভিবাসী নারী কর্মীর[৪] বহির্মুখী অভিবাসনের হার দ্রুত বৃদ্ধি পেয়েছে। গন্তব্য দেশ ও তাদের শ্রম-অভিবাসন বিষয়ক আইনকানুন সহজতর করছে এবং কর্মীদের সুরক্ষায় অধিকতর মনযোগী হচ্ছে। অন্যদিকে, বাংলাদেশী কর্মীদের বৈদেশিক কর্মসংস্থান-চুক্তির (employment contract) লঙ্ঘন এবং কর্মীদের শোষণ ও নির্যাতনসহ নতুন নতুন চ্যালেঞ্জেরও সৃষ্টি হচ্ছে, যা অভিবাসী কর্মীদের সুরক্ষার ক্ষেত্রে প্রতিবন্ধকতার সৃষ্টি করেছে। নারীদের কর্মদক্ষতায় বৈচিত্র্য আনয়ন এবং তাদের সার্বিক ক্ষমতায়ন ও সুরক্ষা প্রদানের লক্ষ্যে এবং বৈদেশিক কর্মসংস্থানে নারী কর্মী প্রেরণের নতুন সম্ভাবনাকে কাজে লাগানোর উদ্দেশ্যে সরকার বিভিন্ন নীতি ও কর্মসূচিগুলো জেন্ডার-সংবেদনশীলভাবে প্রয়োগ করতে সচেষ্ট। সে ধারাবাহিকতায় বিদ্যমান নীতিটি জেন্ডার সংবেদনশীল করে প্রণয়ন করার বিষয়টি জরুরী হয়ে পড়ে।

---

[৩] International convention on the protection of the rights of all migrant workers and their families, 1990 (ICRMW)

[৪] "অভিবাসী নারী কর্মী" (woman migrant worker) অর্থ উপ-ধারা (৩) এ সংজ্ঞায়িত কোন অভিবাসী কর্মী যিনি একজন নারী, স্বতন্ত্রভাবে কিংবা নির্ভরশীল হিসেবে অভিবাসন করিবার পর বৈদেশিক কর্মে নিয়োজিত হইয়াছেন এমন কোন নারীও অন্তর্ভুক্ত হইবেন।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় 'মর্যাদা সহকারে শ্রম অভিবাসন' (migration with dignity) এর আদর্শগত অবস্থান তৈরির লক্ষ্যে কাজ করে যাচ্ছে। অভিবাসী কর্মীদের অধিকার আদায়ে মন্ত্রণালয় বিভিন্ন আঞ্চলিক ও আন্তর্জাতিক ফোরামে বলিষ্ঠ ভূমিকা পালন করে আসছে। সরকার কর্তৃক গৃহীত এসব কার্যকর উদ্যোগের কারণে ২০১১ সালে আঞ্চলিক পরামর্শ প্রক্রিয়ার অন্যতম 'কলম্বো প্রসেস' এ বাংলাদেশ সভাপতির দায়িত্ব লাভ করে। একই ধারাবাহিকতায় বাংলাদেশ ২০১৬ সালে অভিবাসন সংক্রান্ত আন্তর্জাতিক ফোরাম 'Global Forum on Migration and Developmet (GFMD)'-এর সভাপতিত্ব লাভ করেছে।

বাংলাদেশে ব্যষ্টিক (micro) ও সামষ্টিক (macro) উভয় ক্ষেত্রের অর্থনীতির নীতি-নির্ধারণে শ্রম-অভিবাসন একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক উপাদান হিসেবে আবির্ভূত হয়েছে। বর্তমানে প্রবাসী আয় বা বিদেশ থেকে প্রেরিত রেমিটেন্সের পরিমাণ জিডিপির (gross domestic product) সমতুল্য প্রায় ১২ শতাংশ, যা দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভকে সমৃদ্ধ এবং বৈদেশিক মুদ্রার বিনিময় হারকে স্থিতিশীল করেছে। এ অর্জনগুলো শ্রম-অভিবাসনকে জাতীয় উন্নয়ন এবং ব্যষ্টিক, খাত-ওয়ারী (sectoral) ও সামষ্টিক অর্থনীতির ক্ষেত্রে নীতি-নির্ধারণের সাথে অধিকতর সংযুক্ত করার দাবি রাখে।

সেবা খাতে বাণিজ্য[৫] (trade in services) এখন প্রতিষ্ঠিত এক বৈশ্বিক বিষয়। এ খাতের প্রসারের কারণে একদিকে যেমন বাংলাদেশী নারী ও পুরুষ কর্মীদের জন্য বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ অব্যাহতভাবে বৃদ্ধি পাওয়ার সম্ভাবনা রয়েছে অপরদিকে দক্ষ শ্রমের চাহিদার কাঠামোগত পরিবর্তনের কারণে সৃষ্ট চ্যালেঞ্জের মোকাবেলায় বাংলাদেশী অভিবাসী কর্মীদের দক্ষতা ও অভিজ্ঞতায় বৈচিত্র্য আনা প্রয়োজন। এ ক্ষেত্রে নিজের স্বার্থ রক্ষায় বাংলাদেশকে অন্যান্য দেশের সাথে একযোগে কাজ করে যেতে হবে।

